



ডাকসু নির্বাচনে প্রচারণার শেষদিন আজ



সংগৃহীত ছবি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) ও হল সংসদ নির্বাচন সামনে রেখে আজ রবিবার শেষ হতে যাচ্ছে প্রার্থীদের প্রচার-প্রচারণা। বিশ্ববিদ্যালয় প্রশাসনের নির্ধারিত নির্দেশনা অনুযায়ী রাত ১০টা পর্যন্ত প্রার্থীরা নির্বাচনী প্রচার কার্যক্রম পরিচালনা করতে পারবেন।

এদিকে ভোটারদের সুবিধার্থে বুথের সংখ্যা বাড়ানোর সিদ্ধান্ত নিয়েছে কর্তৃপক্ষ। প্রথমে ৮টি কেন্দ্রে মোট ৭১০টি বুথ নির্ধারণ করা হলেও, পরে তা বাড়িয়ে ৮১০টিতে উন্নীত করা হয়েছে। বিশ্ববিদ্যালয় সূত্র জানায়, অধিক সংখ্যক শিক্ষার্থীকে নির্বিঘ্নে ভোটাধিকার প্রয়োগের সুযোগ দিতে এই ব্যবস্থা নেওয়া হয়েছে।

নির্বাচন ঘিরে বিতর্কিত তথ্য ও অপপ্রচারের বিরুদ্ধে ইতোমধ্যে কিছু সামাজিক যোগাযোগমাধ্যম পেজে পদক্ষেপ নিয়েছে প্রশাসন। শিক্ষার্থীদের সঠিক তথ্য পেতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অফিসিয়াল ওয়েবসাইট ও ফেসবুক পেজ অনুসরণের পরামর্শও দেওয়া হয়েছে।

আগামী মঙ্গলবার (৯ সেপ্টেম্বর) সকাল ৮টা থেকে বিকেল ৪টা পর্যন্ত একটানা ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে। শান্তিপূর্ণ পরিবেশে ভোট সম্পন্ন করতে বিশেষ নিরাপত্তা ব্যবস্থা জোরদার করা হয়েছে।

এর অংশ হিসেবে সোমবার (৮ সেপ্টেম্বর) রাত ৮টা থেকে বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসে সাধারণ মানুষের প্রবেশ সীমিত থাকবে। শাহবাগ, দোয়েল চত্বর, পলাশী, শিববাড়ি ক্রসিং, নীলক্ষেতসহ প্রধান প্রবেশপথগুলোতে টহল জোরদার থাকবে এবং এই নিয়ন্ত্রণ বলবৎ থাকবে বুধবার (১০ সেপ্টেম্বর) সকাল ৬টা পর্যন্ত।

বিশ্ববিদ্যালয় প্রশাসনের কর্মকর্তারা জানান, ঐতিহাসিক এই নির্বাচন সুষ্ঠু ও নিরপেক্ষভাবে সম্পন্ন করতে সব প্রস্তুতি সম্পন্ন হয়েছে।